# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৪৪/ ১৩৯ (handwritten) — তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ / ০৯ অক্টোবর ২০২৫

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ভূরুঙ্গামারী উপজেলাধীন কামাত আঙ্গারীয়া দাখিল মাদ্রাসার (ইআইআইএন-১২২১১০ ) ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে পুর্নবহালকৃত সুপারকে দায়িত্ব পালনে বাধা, ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে দুনীতির অভিযোগ এবং পুর্নবহালকৃত সুপার কর্তৃক এডহক কমিটি গঠন করবেন মর্মে সুপার জনাব মো: সাইদুর রহমান একটি অভিযোগ করেন।

এমতাবস্থায়, অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(স্বাক্ষর) ০৯.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম ।

নং-বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-১৪৪/ ১৩৯/১ (handwritten) — তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ / ০৯ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কামাত আঙ্গারিয়া দাখিল মাদ্রাসা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম;
৫. সভাপতি/পরিচালনা কমিটি, কামাত আঙ্গারিয়া দাখিল মাদ্রাসা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম;
৬. জনাব জনাব মো: সাইদুর রহমান, সুপার (অভিযোগকারী), ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(স্বাক্ষর) ০৯.১০.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

# কামাত আঙ্গারিয়া দাখিল মাদরাসা

ডাকঘর: ভুরুঙ্গামারী, উপজেলা: ভুরুঙ্গামারী, জেলা: কুড়িগ্রাম
স্থাপিত: ১৯৬৫ইং

মাদ্রাসা কোড: ১৪৫৩১ EIIN NO. 122110

স্মারক নং- কাদামা/২০২৫/৬৮ (৩) তারিখ : ০৫/১০/২০২৫ইং

বরাবর
চেয়ারম্যান,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

বিষয় : পুর্নবহালকৃত সুপারের দায়িত্ব প্রাপ্তি তথা তার কর্তৃক এডহক কমিটি গঠনের কার্যক্রম চলমান রাখা এবং ভারপ্রাপ্ত সুপারের দুর্নীতি তদন্ত ও অভিযোগ দাখিলকরণ প্রসঙ্গে।

| বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড উপ-রেজিস্ট্রার (প্রশাসন) এর দপ্তর |
|---|
| ডাইরি নং- |
| তারিখ- |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| উপ-সহকারী প্রকৌশলী |
| সেকশন অফিসার (সংস্থাপন) |
| ডি/এ কমিটি |
| ডি/এ সংস্থাপন |
| উপ-রেজিস্ট্রার (প্রশাসন) |

সূত্র: (১) সভাপতি (অত্র মাদ্রাসা) এর সাময়িক বরখাস্ত প্রত্যাহারপত্র, তারিখ: ২৫/৮/২০২৫ইং
(২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- ১১৫৪৯১, ২১/০৮/২০২৫ইং
(৩) ২৪/০৮/২০২৫ইং তারিখের পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত।
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ৫৭.২৫.০০০০.০০০.০০৯.০১.০০০১.২৪.১৭০ নং স্মারক ও ১৯/০৮/২০২৫ইং তারিখের চিঠির আদেশ মতে।
(৫) বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭২.২২.০০১.২৩.১৭৩ নং স্মারক ও ০৮/০৮/২০২৪ইং তারিখের চিঠির আদেশ মতে।
(৬) বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪নং স্মারক ও ০৬/০৮/২০১৭ইং তারিখের চিঠির আদেম মতে।
(৭) মহামান্য হাইকোর্টের রীট আদেশ নং ৩৬৫৭/১৭ মতে।

মহোদয়,
যথাবিহিত সম্মান পুর্বক নিবেদন এই যে, আমার বিরুদ্ধে একটি ফৌজদারী মামলা থাকার কারনে তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, একক ক্ষমতাবলে আমাকে ২৫/০২/২০২৫ইং তারিখে সাময়িক বরখাস্ত করেন। অথচ নিয়োগকারী কর্তৃপক্ষের কমিটির সিদ্ধান্ত ব্যতীত কোন শিক্ষক/কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা অবৈধ। আমি ০৬ মাস সাময়িক বরখাস্ত থাকার পর গত ২৪/০৮/২০২৫ইং তারিখে কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ২৫/০৮/২০২৫ইং তারিখে এডহক কমিটির সভাপতি সাহেব সাময়িক বরখাস্ত প্রত্যাহারের পত্র জারী করায় আমি বর্ণিত তারিখ হতে স্বপদে পুর্নবহাল হই। অপর দিকে বরখাস্ত থাকা কালীন দায়িত্ব প্রাপ্ত ভারপ্রাপ্ত সুপার প্রত্যাহারের আদেশ অমান্য করে আমার পুর্নবহালকে প্রত্যাখ্যান করে। যা বিধানের পরিপন্থি বটে। হেতু আমার দায়িত্ব পালনে বাধা প্রদানকারী ভারপ্রাপ্ত সুপারকে বিধি মোতাবেক দায়িত্ব পালনের ক্ষেত্রে বা ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব হস্তান্তর করার জন্য আপনার নির্দেশনা পাওয়া আবশ্যক।

অপরদিকে আমার পুর্নবহালের আদেশ জারী করার পরও সকল তথ্য গোপন করে ভারপ্রাপ্ত সুপার মোঃ আমিনুল ইসলাম পুন:রায় এডহক কমিটি গঠনের অনুমতি চাইলে মাদ্রাসা শিক্ষা বোর্ড ০২ নং সূত্র মতে অনুমতি প্রদান করে। এমতাবস্থায়, এডহক কমিটি গঠনের পরবর্তী কার্যক্রম পরিচালনার আদেশ পেতে আমি হকদার।

উল্লেখ্য যে, ভারপ্রাপ্ত সুপার মোঃ আমিনুল ইসলাম সহ:সুপার হিসেবে নিয়োগ লাভ করে তাহার বিল-বেতন ও পদবী কোড জাল-জালিয়াতির মাধ্যমে সহকারী মৌলভী হিসেবে এমপিওভুক্তি করে। কমিটি সভাপতি তার বিল-বেতন বন্ধ করে দিলে ভারপ্রাপ্ত সুপার অবৈধভাবে বিল-বেতন ভোগ করে আসিতেছে। মাদ্রাসার চতুর্থ শ্রেণীর কর্মচারীর বয়স ৬০ বছর পুর্ণ হলে মাদ্রাসার সুপার ও তৎকালীন কমিটির সভাপতি এবং টিএনও মহোদয় তার বিল বেতন ০৩ বছর থেকে বন্ধ করে রাখেন। ভারপ্রাপ্ত সুপার দায়িত্ব গ্রহন করে অবৈধভাবে ষাটোর্ধ কর্মচারীর বকেয়াসহ বিল-বেতন প্রদান করেন। ভারপ্রাপ্ত সুপার সহ সুপার পদে ২৪ বছর ধরে অন্য কাহাকেও নিয়োগ নিতে দিচ্ছেন না এবং নিজে অবৈধ হিসেবে সহকারী মৌলভীর পদ ধরে রেখে অন্য আরেকজন

নিয়োগপ্রাপ্ত সহকারী মৌলভীর বিল-বেতন করা বন্ধ করে রেখেছেন। মাদ্রাসা সুপার ফৌজদারী মামলায় ১৩ দিন হাজতে ছিলেন। সহকারী মৌলভী আমিনুল ইসলাম কোন ধরনের কমিটি না থাকার পরও ইউএনও মহোদয়ের মাধ্যমে সুপারকে সাময়িক বরখাস্ত করে, নিজে অন্যায়ভাবে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব গ্রহন করেন। অথচ একই মাদ্রাসায় আরেকজন সহকারী শিক্ষক মোঃ খোরশেদ নুর আলম ফৌজদারী মামলায় ২/৩ দফায় পুলিশ কর্তৃক আটক হয়ে ৫৫ থেকে ৬০ দিন জেল হাজতে ছিলেন। তাকে সাময়িক বরখাস্ত করা হয়নি এবং তার জেলহাজতে থাকাকালীন সময়ের সম্পুর্ন বিল-বেতন ভারপ্রাপ্ত সুপার কর্তৃক ক্ষমতার অপব্যবহার করে মাসিক বেতন প্রদান করেন। সুপার সাহেব বিভিন্ন প্রজ্ঞাপন ও নীতিমালার মাধ্যমে সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিন অতিবাহিত হলে উক্ত ব্যাক্তি পুর্নাঙ্গ বেতন-ভাতা পাবেন মর্মে ভারপ্রাপ্ত সুপার বরাবর আবেদন-নিবেদন করার পরও সে উক্ত সাময়িক বরখাস্তকৃত সুপারকে পুর্নাঙ্গ বেতন-ভাতা প্রদান করেন নি এবং তার দেওয়া কোন আবেদন গ্রহণ করেন নাই।

অতএব, উপরোক্ত বর্ণনা ও সংযুক্ত প্রমানসমূহ বিবেচনা করে আমার দায়িত্ব পালনের নির্দেশনা এবং এডহক কমিটি গঠনের সকল কার্যক্রম আমার দ্বারা সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় আদেশ প্রদান এবং ভারপ্রাপ্ত সুপার কর্তৃক অবৈধ তৎপরতা বন্ধের আদেশ প্রদানে আপনার নেক মর্জি হয়।

বিনীত নিবেদক-

০৫/১০/২৫ ইং

মোঃ সাইদুর রহমান
সুপারিনটেনডেন্ট
কামাত অঙ্গারিয়া দাখিল মাদ্রাসা
ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
তারিখ : ০৫/১০/২০২৫ইং

সংযুক্তি:
১। ১১ পাতা

স্মারক নং- কাদামা/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো।

১। উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী।
২। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভুরুঙ্গামারী।
৪। অফিস নথি।

স্বা: ০৫/১০/২৫
মোঃ সাইদুর রহমান
সুপারিনটেনডেন্ট
কামাত অঙ্গারিয়া দাখিল মাদ্রাসা
ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

Fax: 58616681, 58617908, 9615576

সুপার নিয়োগের ক্ষেত্রে সম্মানকারী আমীলর

# কামাত আঙ্গারিয়া দাখিল মাদরাসা

ডাকঘরঃ ভূরুঙ্গামারী, উপজেলাঃ ভূরুঙ্গামারী, জেলাঃ কুড়িগ্রাম।
স্থাপিত ঃ ১৯৬৫ইং
মাদরাসা কোড-১৪৫৩১, EIIN No-122110,

স্মারক নং কাদামা/২০২৫/৬৫ (৩) তারিখ ঃ ২২/০৯/২০২৫ ইং

বরাবর,

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা-১২০০।

**বিষয় ঃ পূনর্বহালকৃত সুপারের দায়িত্ব প্রাপ্তি তথা তাঁর কর্তৃক এডহক কমিটি গঠনের কার্যক্রম চলমান রাখার জন্য আবেদন।**

সূত্রঃ (১) সভাপতি, (অত্র মাদ্রাসা) এর সাময়িক বরখাস্তের পত্র তারিখ ঃ ২৫/০৮/২০২৫ইং।
(২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং ১১৫৪৯১, তারিখ ঃ ২১/০৮/২০২৫ইং

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমার বিরুদ্ধে একটি ফৌজদারী মামলা থাকার কারণে তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, একক ক্ষমতা বলে আমাকে ২৫/০২/২০২৫ইং তারিখে সাময়িক বরখাস্ত করেন। অথচ নিয়োগকারী কর্তৃপক্ষের কমিটির সিদ্ধান্ত ব্যতীত কোন শিক্ষক-কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা অবৈধ। আমি ৬(ছয়) মাস সাময়িক বরখাস্ত থাকার পর গত ২৪/০৮/২০২৫ইং তারিখে কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ২৫/০৮/২০২৫ইং তারিখে এডহক কমিটির সভাপতি সাহেব সাময়িক বরখাস্ত প্রত্যাহারের পত্র জারী করায় আমি বর্ণিত তারিখ হতে স্বপদে পুনর্বহাল হই। অপর দিকে বরখাস্ত থাকাকালীন দায়িত্ব প্রাপ্ত সুপার প্রত্যাহারের আদেশ অমান্য করে আমার পুনর্বহালকে প্রত্যাখান করে। যা বিধানের পরিপন্থী বটে। হেতু আমার দায়িত্ব পালনে বাধা প্রদানকারী ভারপ্রাপ্ত সুপারকে বিধি মোতাবেক দায়িত্ব পালনের ক্ষেত্রে বা ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব হস্তান্তর করার জন্য আপনার নির্দেশনা পাওয়া আবশ্যক।

অপর দিকে আমার পুনর্বহালের আদেশ জারীর পরও সকল তথ্য গোপন করে ভারপ্রাপ্ত সুপার পুনঃ এডহক কমিটি গঠনের অনুমতি চাইলে মাদ্রাসা শিক্ষা বোর্ড ২নং সূত্রমতে অনুমতি প্রদান করে। এমতাবস্থায় এডহক কমিটি গঠনের পরবর্তী কার্যক্রম পরিচালনার আদেশ পেতে আমি হকদার।

উপরোক্ত বর্ণনা ও সংযুক্ত প্রমানক সমূহ বিবেচনা করে আমার দায়িত্ব পালনের নির্দেশনা এবং এডহক কমিটি গঠনের সকল কার্যক্রম আমার দ্বারা সম্পন্ন করার ক্ষেত্রে প্রয়োজনীয় আদেশ প্রদান তথা ভারপ্রাপ্ত সুপার কর্তৃক অবৈধ তৎপরতা বন্ধের আদেশ প্রদানে আপনার সুমর্জি হয়।

২২/৯/২৫
মোঃ সাইদুর রহমান
সুপারিনটেনডেন্ট
কামাত আঙ্গারিয়া দাখিল মাদ্রাসা
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং-কাদামা/২০২/
তারিখ ঃ

১

সুপারিনটেনডেন্ট/সম্পাদকের কার্যালয়

# কামাত আঙ্গারীয়া দাখিল মাদ্‌রাসা

ডাকঘর: ভূরুঙ্গামারী, উপজেলা: ভূরুঙ্গামারী, জেলা: কুড়িগ্রাম।

স্থাপিত: ১৯৬৫ ইং

মাদ্‌রাসা কোড: ১৪৫৩১, EIIN No- 122110

স্মারক নং- কাআদামা/২১/২৫ — তারিখ: ২৫/০৮/২৫ ইং

প্রেরক :

সভাপতি
কামাত আঙ্গারীয়া দাখিল মাদ্‌রাসা
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বিষয়: সাময়িক বরখাস্তকৃত সুপার মো: সাঈদুর রহমান কে স্ব-পদে পূর্নবহাল প্রসঙ্গে।

সূত্র: (১) ২৪/০৮/২০২৫ইং তারিখের পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত।

(২) বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তরের ৫৭.২৫.০০০০.০০০.০০৯.০১.০০০১.২৪.১৭০ নং স্মারক ও ১৯/০৮/২০২৫ ইং তারিখের চিঠির আদেশ মতে।

(৩) বাংলাদেশ গেজেট ২০মে/২০২৪ এর ৫৪নং ধারা মতে।

(৪) বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭২.২২.০০১.২৩.১৭৩ নং স্মারক ও ০৮/০৮/২০২৪ ইং তারিখের চিঠির আদেশ মতে।

(৫) বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ নং স্মারক ও ০৬/০৮/২০১৭ ইং তারিখের চিঠির আদেশ মতে।

(৬) মহামান্য হাইকোর্টের রীট আদেশ নং ১৬৬১৬/১৭ মতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, গত ২৪/০৮/২০২৫ইং তারিখের পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী উপরোক্ত সূত্র ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরের স্মারক ও তারিখের চিঠির আদেশ মতে এবং মহামান্য হাইকোর্টের রীট আদেশ নং ১৬৬১৬/১৭ মতে সুপার মো: সাঈদুর রহমান ইনডক্স নং-৬৮৭৭২৪ এর সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হলো। এমতাবস্থায় ভারপ্রাপ্ত সুপারের নিকট হতে সকল দায়িত্ব বুঝে নেয়ার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

প্রাপক:

জনাব, মো: সাঈদুর রহমান
সুপারিনটেনডেন্ট
কামাত আঙ্গারীয়া দাখিল মাদ্‌রাসা
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

আদেশক্রমে
স্বা:
মো: মাহফুজার রহমান
সভাপতি
কামাত আঙ্গারীয়া দাখিল মাদ্‌রাসা
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরীত হলো।

১। জনাব মো: আমিনুল ইসলাম, ভারপ্রাপ্ত সুপার, কামাত আঙ্গারীয়া দাখিল মাদ্‌রাসা, ভূরুঙ্গামারী তাকে প্রতিষ্ঠানের সকল দায়িত্ব হস্তান্তর করার জন্য অনুরোধ সহ।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। রেজিষ্ট্রার, বিএমইবি, ঢাকা।
৪। মহাপরিচালক, মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর।
৫। ইউ,এস,ই,ও, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, ভূরুঙ্গামারী শাখা।
৭। অফিস নথি।

২৫/০৮/২৫
মো: মাহফুজার রহমান
সভাপতি
কামাত আঙ্গারীয়া দাখিল মাদ্‌রাসা
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।